



Question Bank For PG Course

Bengali

ষষ্ঠ পত্র (6th Paper)

NATOK O NATYAMANCHA : PGBG-VI

Question 1

... মহত্বের শিখা জ্বলে / নক্ষত্রের মতো --- দীপ নিবে যায় ঝড়ে, / তারা নাহি নিবে ।' --- কার উক্তি ?

Question 2

ভক্তপ্রসাদের 'জপ'-এ থাকার প্রকৃত ব্যঞ্জনাটি কী ?

Question 3

লাইং ভালেট' সাহিত্যের কোন্ সংক্রমের অন্তর্গত ?

Question 4

বিদ্যাসুন্দর' কোন্ বছর মঞ্চস্থ হয়েছিল ?

Question 5

ছেঁড়া তার' নাটকের নামকরণটি শব্দের তিনটি শক্তির মধ্যে কোন্ শক্তির পরিচায়ক ?

Question 6

এ যে দীপ্ত অগ্নিশিখা ।' --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 7

Flower of the native theatre' নামে কাকে অভিহিত করা হত ?

Question 8

তোমার চোখে লোভের ঝলক আরো উগ্র ।' --- উদ্দিষ্ট ব্যক্তিটি কে ?

Question 9

... আপনি যাকে বলেন পাপ, আপনি তারই সঙ্গে সন্ধিস্থাপন করেছিলেন ।' --- বক্তা কে ?

Question 10

কে বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের নাট্যরূপ প্রদান করেন ?

Question 11

ভ্রাতারে আঘাত করে ভ্রাতা, বন্ধু হয় / বন্ধুর বিরোধী ।' --- এটি কার উক্তি ?

Question 12

অম্বিকাপ্রসাদ কোন্ কলেজে পড়াশুনো করত ?

Question 13

সেই ছলনা আজ শেষ হ'লো । আজ শুভদিন ।' --- 'ছলনা'টি কী ছিল ?

Question 14

হোক পুত্র । কি যায় আসে ।' --- বক্তা কে ?

Question 15

তপস্বী ও তরঙ্গিণী' নাটকে তরঙ্গিণী বলেছিল, 'যা নিয়ে বাঁচা যায় তার অভাব নেই । চন্দ্রকেতু, আমার মা-কে দেখো ।' --- নাটকে এই উক্তি কীভাবে আয়রনি হয়ে উঠেছিল ?

Question 16

... তাঁর শাস্ত্রে মোর শাস্ত্রে / দু-অক্ষর প্রভেদ ... ।' --- 'তাঁর' শব্দে কাকে বোঝানো হয়েছে ?

Question 17

কার কাছে 'এ জীবন একটা সুষুপ্তি' বলে মনে হয়েছিল ?

Question 18

"মেদিনী হইল মাটি নিতম্ব দেখিয়া । / অদ্যপি কাঁপিয়া উঠে থাকিয়া থাকিয়া ॥" --- ভক্তপ্রসাদ-উক্ত এই পঙ্কতিদ্বয়ের প্রকৃত উৎস কোন্টি ?

Question 19

ভট্টনারায়ণের 'বেণীসংহার' অবলম্বনে কোন্ নাটক রচিত হয়েছিল ?

Question 20

... পাই নাই / কোনো তৃপ্তি কোনো শাস্ত্রে, অন্তর সদাই / কেঁদেছে সংশয়ে ।' --- কোন্ প্রসঙ্গে এই উক্তি ?

Question 21

এখন নীচ স্বার্থসিদ্ধিই কি মানুষের ধর্মনীতি ?' --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 22

শুধু একটা instinct --- বারো বৎসরের অভিজ্ঞতা ।' --- বক্তা কোন্ instinct-এর কথা বোঝাতে চেয়েছেন ?

Question 23

কোন্ ওষুধ প্রস্তুতিতে চডুইপাখির মগজের প্রয়োজন পড়েছিল ?

Question 24

'অন্যায়েরে মান্য করে নিলে আমাদের মানুষিতা নষ্ট হয়্যা যায় ... ।' --- উক্তিটি কার ?

Question 25

মোতি কে ?

Question 26

তোমার মধ্যেও রয়েছে সেই আগুন ...! --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 27

অর্থহীন জীবনের এই কালীদহে শুধু যেন ঘূর্ণাচক্র ঘোরে ।' --- কে এই উক্তি করেছেন ?

Question 28

... মানুষ আসলে বোকাই । ভাব দেখায় কতো না চালাক ।' --- কার উক্তি ?

Question 29

মিথ্যাবাদী প্রবঞ্চক ছলনা করেছ তুমি' --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 30

আমরা বড় স্বার্থপর, না রে ?' --- বক্তা কে ?

Question 31

‘আমি একে বলি রাজনীতির যুপকাষ্ঠ ।’ --- বক্তা কে ?

Question 32

‘বুঝলাম, আমি ভূতপূর্ব, আমি গত, আমি হত ।’ --- উক্তিটি কার ?

Question 33

‘স্বর্গ আছে কোন্ দূরে, / কোথায় দেবতা --- কে বা সে সংবাদ জানে ...’ --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 34

অদ্ভুত অদ্ভুত পৃথিবী । আর কারো কোনো কিছু দায় নাই ।’ --- নাটকে এই উক্তি কে করেছেন ?

Question 35

‘মুসলমান জাত, নেমকহারামের জাত নয় ।’ --- উক্তিটি কার ?

Question 36

‘তোমার বুদ্ধি বিবেচনা যে সবার চেয়ে ঢের তীক্ষ্ণ, এতো স্বীকার না করে উপায় নেই ।’ -- কার উদ্দেশে এই উক্তি?

Question 37

‘তুমি দেখি কুলশত্রু বিভীষণ ।’ --- ‘কুলশত্রু বিভীষণ’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

Question 38

‘অপরাধবোধ ঢোকাসনে অন্তরে আমার ।’ --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 39

‘সে-ই আমার বন্ধন, সে-ই আমার মুক্তি।’ --- বক্তা ‘সে’ বলতে কাকে বুঝিয়েছেন ?

Question 40

‘আমার ধর্মের লাগি করিয়াছি দান / প্রাণের অধিক প্রিয় তোমার প্রণয়, / তোমার বিশ্বাস।’ --- কার উদ্দেশে এই উক্তি ?

Question 41

‘চেহারা হোলো পোড়া, কালো, কর্কশ, ভেতরে রইল অগ্নিসম্ভাবনা, ঠিক যেমন খেটে খাওয়া মানুষ।’ --- কোন্ প্রসঙ্গে এই মন্তব্য ?

Question 42

‘আদর্শের পাছে ছুটে কোনো লাভ নাই।’ --- বক্তা কে ?

Question 43

‘আমি কাল এক জ্যোতিষীকে দিয়ে এই যুদ্ধের ফলাফল নির্ণয় করেছিলাম।’ --- কোন্ যুদ্ধের কথা বলা হয়েছে ?

Question 44

‘জমিদারের ঘরে আমি ব্ল্যাকলিস্টেড!’ --- বক্তা কে ?

Question 45

‘নেতা হলে মদ হওয়া চাই।’ --- উক্তিটি কার ?

Question 46

‘... মানুষ খোসামুদে --- কুকুরের মতো খোসামুদে --- যে একখণ্ড মাংস দিতে পারে, তারই পায়ের তলায় সে দাঁড়িয়ে লেজ নাড়ে।’ --- বক্তা কে ?

Question 47

‘যে-বিষয় ধারণারও অগম্য, তার অভাব তো অনুভূত হতে পারে না।’ --- কোন্ ‘বিষয়’-এর কথা বলা হয়েছে ?

Question 48

‘আমার তো শাসনও নাই শৃঙ্খলাও নাই। আমি যে ভিখারী!’ --- বক্তা কে ?

Question 49

‘ছেঁড়াতার’ নাটকের প্রেক্ষাপট উল্লেখ করুন :

Question 50

ক্লাসিক থিয়েটারের প্রতিষ্ঠাতা কে ?

Question 51

‘আমার ধর্ম বহুর পরিচর্যা।’ --- উক্তিটি কার ?

Question 52

বিনোদিনী কোন্ সময় স্টার থিয়েটারের সংশ্রব ত্যাগ করেন ?

Question 53

‘কলিদেব এত দিনেই যথার্থরূপে এ ভারতভূমিতে আবির্ভূত হলেন ।’ --- কোন্ প্রসঙ্গে এই উক্তি ?

Question 54

দিলদার প্রথমে কার বিদূষক ছিলেন ?

Question 55

‘দি বেঙ্গলি থিয়েটার’ নামকরণটি কার ?

Question 56

‘এতদিনে সত্য বলার সময় হ’লো ।’ --- কোন্ ‘সত্য’র কথা বলা হয়েছে ?

Question 57

‘জানি, দুর্ভাগ্য একা আসে না । যখন আরম্ভ হয়েছে, সে তার পালা শেষ না করে যাবে না ।’ --- এটি কার মন্তব্য ?

Question 58

‘বহুদূরে গিয়েছিলে এসো কাছে তবে / যেথায় অনন্তকাল বিচ্ছেদ না হবে ।’ --- বক্তা কে ?

Question 59

‘ভেবে দেখেছি বুড়া দস্যু রত্নাকরের কথাই ঠিক । কেহ তো মোর পাপের ভাগীদার হবে না ---’ --- এটি কার উক্তি ?

Question 60

‘তপস্বী ও তরঙ্গিণী’র শেষে নাট্যকার, ঋষ্যশৃঙ্গ-তরঙ্গিণীর ‘জন্মান্তরে’ দেখা হওয়ার সম্ভবনা-প্রসঙ্গ উপস্থাপন করেছেন কেন ?